গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ ওও প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
Website: www.natpdls.org

স্মারক নং-পিআইইউ-এনএটিপি-২/ডিএলএস/সিআইজি প্ল্যান/২০১৭/২৭০ তারিখঃ ০৬/০৪/২০১৭

প্রাপক,

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
.... (এনএটিপি-২ আওতাভুক্ত ২৭০ টি উপজেলা)।

বিষয়ঃ ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)ঃ প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বৎসরের CIG মাইক্রোপ্লান, ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা এবং উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)ঃ প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বৎসরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী মোতাবেক বার্ষিক উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১) উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করতে হবে:

- গৃহীত সম্প্রসারণ কার্যক্রমসমূহ অবশ্যই উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ও পরিবেশ বান্ধব হতে হবে।
- নির্বাচিত প্রদর্শনী, প্রশিক্ষণসহ অন্যান্য সম্প্রসারণ কর্মকান্ড অবশ্যই সিআইজি মাইক্রোপ্লানে চিহ্নিত সমস্যাসমূহ সমাধানে সহায়ক হতে হবে।
- ঘাস চাষ প্রদর্শনী ঃ গাভী পালন, মহিষ পালন ও গরু হৃষ্টপুষ্টকরন সিআইজিতে ঘাস চাষ প্রদর্শনী স্থাপন করা যেতে পারে। এক্ষেত্রে নতুন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৬টি এবং পুরাতন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৫টি প্রদর্শনী পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যেতে পারে। প্রতিটি ঘাস চাষ প্রদর্শনীর জন্য ৪০০০/= টাকা বাজেট ধরে ব্যয়ের প্রাক্কলন করতে হবে।
- প্রতিটি প্রদর্শনীর (Demonstration) জন্য ১টি করে মাঠ দিবস পরিকল্পনায় অন্তর্ভূক্ত করতে হবে । প্রতিটি মাঠ দিবসের জন্য ১০০০/= টাকা বাজেট ধরে ব্যয়ের প্রাক্কলন করতে হবে।
- ভ্যাকসিনেশন: নতুন প্রতি উপজেলায় সর্বোচ্চ ১৫টি এবং পুরাতন প্রতি উপজেলায় সর্বোচ্চ ১০টি প্রদর্শনী পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যেতে পারে। প্রতিটি ভ্যাকসিনেশন ক্যাম্পেইনের জন্য ৫০০০/= টাকা বাজেট ধরে ব্যয়ের প্রাক্কলন করতে হবে।
- ডি-ওয়ার্মিং ক্যাম্পেইন ঃ নতুন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৮টি এবং পুরাতন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৬টি প্রদর্শনী পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যেতে পারে।। প্রতিটি ডি-ওয়ার্মিং ক্যাম্পেইনের জন্য ৮০০০/= টাকা বাজেট ধরে ব্যয়ের প্রাক্কলন করতে হবে।
- সিআইজি খামারী প্রশিক্ষণ ঃ ২০১৬-১৭ অর্থ বৎসরে নতুন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৯টি ব্যাচ এবং পুরাতন প্রতি উপজেলায় সর্বোচ্চ ৬টি ব্যাচ পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যেতে পারে।সিআইজি খামারীদের প্রতিটি প্রশিক্ষণ বা রিফ্রেসার ব্যাচ/কোর্সের জন্য ২০,২৬০/= টাকা বাজেট ধরে ব্যয়ের প্রাক্কলন করতে হবে।
- বিভিন্ন সম্প্রসারণ কর্মকান্ডের বিদ্যমান একক খরচ অনুযায়ী বাজেট প্রাক্কলন করতে হবে।

- অন্যান্য ঃ সিল টিএ/ডিএ প্রতিজন মাসিক ২০০০/-, আনুষংগিক বার্ষিক ৮০০০/-, জ্বালানী ব্যয় মাসিক ২০০০/-, মেরামত ও সংরক্ষণ বাৎসরিক ৫০০০/- (প্রশিক্ষণ কক্ষ ব্যাতিত), ইন্টারনেট বিল মাসিক প্রতি উপজেলা ৪০০/= এবং সিআইজি মাইক্রোপ্লান প্রণয়ন প্রতিটি ৩০০/=, ষ্টেশনারী মাসিক ১০০০/= এবং প্রকল্পের লাইভষ্টক এক্সটেনশন অফিসারদের টিএ/ডিএ প্রতিজন মাসিক ৪০০০/= হিসেবে ব্যয়ের প্রাক্কলন উপজেলা বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।
- লাইভষ্টক এক্সটেনশন অফিসার (৯ম গ্রেডের ১২ মাসের সাকুল্য বেতন, ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা) -দের বেতন ভাতাদি উপজেলা বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।
- সিআইজি মাইক্রোপ্লানের ১টি কপি সংশ্লিষ্ট সিআইজিতে, ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনার ১টি কপি সংশ্লিষ্ট ইউনিয়নে বা ফিয়াকে এবং উপজেলা সম্প্রসারণ পরিকল্পনার ১টি কপি উপজেলা অফিসে সংরক্ষণ করতে হবে।
- ভ্যাকসিনেশন ও কৃমিনাশক কার্যক্রম ক্যাম্প আকারে সিআইজিকে কেন্দ্র করে পরিচালনা করতে হবে। সিআইজি সদস্য ও প্রতিবেশি কৃষকদেরকে গবাদিপ্রাণী ও হাঁস মুরগীর সিডিউল ভ্যাকসিনেশন ও কৃমিনাশক সেবনে উদ্বুদ্ধকরনই এ কার্যক্রমের উদ্দেশ্য হতে হবে।

প্রণয়নকৃত উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা কৃষি ও মৎস্য বিভাগের সাথে সমন্বিত করে উপজেলা এক্সটেনশন কো-অর্ডিনেশন কমিটি (ইউইসিসি) কর্তৃক অনুমোদনপূর্বক ১টি কপি আগামী ৩০ এপ্রিল ২০১৭ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ইউইসিসি কর্তৃক অনুমোদিত উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলায় ২০১৬-১৭ বছরে অর্থ ছাড় করা হবে। প্রতিটি কর্মকান্ডের বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলী প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা হতে প্রেরণ করা হবে।

CIG মাইক্রোপ্লান, ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা এবং উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন পদ্ধতির ছকসমূহ এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

স্বাক্ষরিত:
ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা
পরিচালক
প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।
ফোন: ০২-৮১৪৩১২৮
E-mail: directornatp2dls@yahoo.com

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি চত্বর, ফার্মগেট, ঢাকা।
৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৪। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ---------------------------------------।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ---।
৬। অফিস কপি।

সম্প্রসারণ পরিকল্পণা প্রণয়ন

(Extension Plan Preparation)

ডিসেন্ট্রালাইজড এক্সটেনশন ফ্রেমওয়ার্ক অনুযায়ী সিআইজি সদস্যদের অংশগ্রহণের মাধ্যমে বটম আপ প্লানিং প্রসেস অনুসরণে সম্প্রসারণ পরিকল্পণা প্রনয়ন করতে হবে। নিম্নোক্ত পদ্ধতি অনুসরণে ৩টি পর্যায়ে সম্প্রসারণ পরিকল্পণা প্রণয়নের কার্যক্রমটি পরিচালিত হবে:

<u>সিআইজি পর্যায়ে: সিআইজি মাইক্রোপ্লান প্রণয়ন</u>

প্রতিটি সিআইজিতে প্রতি বৎসর সিআইজি মাইক্রোপ্লান প্রণয়ন করতে হবে। প্রণীত মাইক্রোপ্লান অনুযায়ী প্রযুক্তি প্রদর্শনী, মাঠ দিবস, কৃমিনাশক ক্যাম্পেইন, টিকাদান ক্যাম্পেইন, ইনফার্টিলিটি ক্যাম্পেইন, প্রশিক্ষণসহ অন্যান্য সম্প্রসারণ কর্মকান্ড পরিচালিত হবে। URT এবং UEFT-র সদস্যগণ মাইক্রোপ্লান প্রনয়নে সিআইজিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। সিআইজি মাইক্রোপ্লান প্রণয়নের ধাপসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

ধাপ-১: সভা আয়োজন

- DLS ষ্টাফ ও সিল/UEFT এর সভাপতি সিআইজি'র এর সভাপতি ও সম্পাদকের সাথে আলোচনা করে একটি সভা আয়োজনের জন্য স্থান ও তারিখ নির্ধারন করবেন।
- DLS ষ্টাফ ও সিল/UEFT এর সভাপতি সংশ্লিষ্ট উপজেলা অফিসের সাথে যোগাযোগ করে সভার প্রয়োজনীয় উপকরণ (পোষ্টার পেপার, মার্কার কলম, কলম, পেন্সিল, ইরেজার ইথ্যাদি) সংগ্রহ করবেন।
- পরিচিতি: সভায় উপস্থিত সকলেই স্ব স্ব পরিচয় প্রদান করবে এবং সিআইজি রেজুলেশন রেজিষ্টারে উপস্থিত সিআইজি সদস্যগণ স্বাক্ষর করবেন।
- সভাপতি নির্বাচন: উপস্থিত সদস্যদের মধ্য হতে একজনকে সভাপতি নির্বাচন করতে হবে।
- সভায় সিআইজি মাইক্রোপ্লান প্রণয়নের এর উদ্দেশ্য, গুরুত্ব, করণীয় ইত্যাদি সভায় আলোচনা করতে হবে।

ধাপ-২: সমস্যা চিহ্নিতকরণ ও তালিকা তৈরি

সভায় উপস্থিত সিআইজি সদস্যগণ প্রাণিসম্পদ স্থানীয় পালন সম্পর্কীত স্থানীয় সমস্যাদি সভায় উপস্থাপন করবেন। সিআইজি সদস্যদের মধ্য হতে ১ জনকে নির্বাচিত করতে হবে যিনি সমস্যা সমূহ লিপিবদ্ধ করবেন। উক্ত সমস্যাসমূহ লিপিবদ্ধকরণে DLS ষ্টাফ ও সিল/ /UEFT যথাযথ সহায়তা প্রদান করবেন।

উদাহরণ ঃ (যে সকল স্থানীয় সমস্যা পাওয়া যাবে সে সব সমস্যা লিপিবদ্ধ করতে হবে)

চিহ্নিত সমস্যা সমূহ	
১. এফএমডি, এনথ্রাক্স ইত্যাদি রোগ	৬. সময়মত টিকা ও চিকিৎসা সেবার অভাব
২. রাণীক্ষেত, গামবোরো ইত্যাদি রোগ	৭. গুণগতমানের মুরগির বাচ্চার অভাব
৩. গুণগতমানের খাদ্যের অভাব	৮. উৎপাদিত পণ্য বাজারজাতকরন সমস্যা
৪. খাদ্যের উচ্চমূল্য	৯. উন্নতজাতের ঘাসের বীজ/ কাটিংয়ের অভাব
৫. উন্নত পালন ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানের অভাব	

ধাপ-৩: চিহ্নিত সমস্যা সমূহের অগ্রাধিকার তালিকা তৈরি (টেবিলে উদাহরণ হিসেবে দেখানো হয়েছে)

উপস্থিত CIG সদস্যদের মতামতের ভিত্তিতে সমস্যাসমূহের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করতে হবে। অগ্রাধিকার তালিকা তৈরির ক্ষেত্রে প্রতিটি সমস্যার জন্য সদস্যদের মতামত গণনায় টালি মার্ক পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে। সর্বোচ্চ টালি মার্ক প্রাপ্ত সমস্যাটি প্রথম, পরবর্তী টালি মার্ক প্রাপ্ত সমস্যাটি দ্বিতীয় এবং অনুরূপভাবে প্রাপ্ত টালি মার্কের সংখ্যা অনুযায়ী ক্রমান্বয়ে অন্যান্য সমস্যাসমূহ লিপিবদ্ধ করে অগ্রাধিকার তালিকাটি প্রস্তুত করতে হবে। উদাহরণ হিসেবে বলা যেতে পারে:

Priority no.	Identified problems	Effect of problem	Tally mark

১।	এফএমডি, এনথ্রাক্স ইত্যাদি রোগ	মৃত্যু হার বেশি	১২
২।	রাণীক্ষেত, গামবোরো ইত্যাদি রোগ	মৃত্যু হার বেশি	১০
৩।	সময়মত টিকা ও চিকিৎসা সেবার অভাব	রোগের আক্রমণ ও মৃত্যু ঝুঁকি বেশি	৯
৪।	উন্নত পালন ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানের অভাব	উৎপাদন কম হয়	৮
৫।	খাদ্যের উচ্চমূল্য	উৎপাদন খরচ বেশি	৭
৬।	গুণগতমানের মুরগির বাচ্চার অভাব	উৎপাদন কম হয়, সকল বাচ্চার সমান বৃদ্ধি হয় না।	৬
৭।	গুণগতমানের খাদ্যের অভাব	উৎপাদন কম হয়, রোগ হয়	৫
৮।	বাজারজাতকরন সমস্যা	উপযুক্ত মূল্য পাওয়া যায় না	৪

চিহ্নিত সমস্যা সমূহের প্রভাব নিয়েও সভায় আলোচনা করতে হবে। যে বিষয়ে বেশী মতামত পাওয়া যাবে সেই বিষয়টি বেশী অগ্রাধিকার পাবে।

ধাপ-৪: অগ্রাধিকার প্রাপ্ত সমস্যা সমূহের সমাধানে কার্যক্রম গ্রহণ (টেবিলে উদাহরণ হিসেবে দেখানো হয়েছে)

চিহ্নিত প্রতিটি সমস্যা সমাধানের জন্য সদস্যদের মতামতের ভিত্তিতে প্রকল্পের আওতায় নিম্লোক্ত সম্ভাব্য কর্মকান্ড সমূহ গ্রহণ করা হবে:

Sl No.	Identified prob.	Proposed extension activities	Estimated cost (TK) for the activities			Implementation Period	Responsibilities
			মোট খরচ	সিআইজি কর্তৃক	প্রকল্প কর্তৃক		
১।	এফএমডি, এনথ্রাক্স ইত্যাদি রোগ	প্রদর্শনী:.. টি ভ্যাক. ক্যাম্প..টি অন্যান্য:					UEFT,URT
২।	রাণীক্ষেত, গামবোরো ইত্যাদি রোগ	প্রদর্শনী:. টি ভ্যাক. ক্যাম্প টি অন্যান্য:					UEFT,URT
৩।	সময়মত টিকা ও চিকিৎসা সেবার অভাব	প্রদর্শনী টি উদ্বুদ্ধকরন ভ্রমণ.. টি অন্যান্য:					UEFT,URT
৪।	উন্নত পালন ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানের অভাব	প্রশিক্ষণ:.. ব্যাচ প্রদর্শনী টি উদ্বুদ্ধকরন ভ্রমণ.. টি অন্যান্য:					UEFT,URT
৫।	অসুস্থ্য মুরগি সুস্থ মুরগি থেকে পৃথক করা হয় না। মৃত মুরগি সৎকারের গর্ত বা পাকাপিট নেই।	প্রশিক্ষণ:.. ব্যাচ					

ধাপ-৫: অগ্রাধিকারপ্রাপ্ত অন্যান্য সমস্যা সমূহের সমাধানে কার্যক্রম গ্রহণ (টেবিলে উদাহরণ হিসেবে দেখানো হয়েছে)

Sl no.	Identified Problem	Nature and effect of Problem	Types of solutions desired
১।	খাদ্যের উচ্চমুল্য	উৎপাদন খরচ বেশি	URT কে অবহিত করা, সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো
২।	গুনগতমানের বাচ্চার অভাব	উৎপাদন কম হয়, সকল বাচ্চার সমান বৃদ্ধি হয় না।	URT কে অবহিত করা, গুনগতমানের বাচ্চা উৎপাদনে হ্যাচারিগুলোকে সহায়তা প্রদান, সরকারী মুরগি খামার থেকে সরবরাহের ব্যবস্থা
৩।	টিকা ও চিকিৎসা সেবা অপর্যাপ্ত	মৃত্যু হার বেড়ে যায়	URT কে অবহিত করা, সম্প্রসারণ সেবা জোরদার করা
৪।	পুঁজির অভাব	সময়মত সেবা নেয়া সমস্যা	URT কে অবহিত করা, সহজে ও স্বল্পসুদে পুঁজি সংগ্রহের জন্য ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দেয়া
৫।	বাজারজাতকরন সমস্যা	লাভ কম হয়	URT কে অবহিত করা, উৎপাদকদের সমবায় সমিতি তৈরি, বাজার সংক্রান্ত তথ্য সহজলভ্য করার উদ্যোগ নেয়া

অতঃপর ফরম-১ অনুযায়ী সিআইজি মাইক্রোপ্লান প্রণয়ন সম্পন্ন করতে হবে।

<u>ইউনিয়ন পর্যায়ে: ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন</u>

ইউনিয়নের অন্তর্গত সিআইজিগুলোর প্রণীত মাইক্রোপ্লানসমূহ ফরম-২ এ সমন্বিত করে ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন করতে হবে। UEFT-র সদস্যগণ উক্ত দায়িত্ব পালন করবেন এবং URT প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন সম্পন্ন করে URT-র নিকট দাখিল করতে হবে। ফরম-২ এতদসংগে সংযুক্ত করা হলো। সমন্বিত ইউনিয়ন পরিকল্পনায় ইউনিয়নের প্রাণিসম্পদের পরিসংখ্যান, উৎপাদন পরিস্থিতি, সমস্যা ইত্যাদি সম্পর্কে তথ্যাদি সন্নিবেশ করতে হবে।

<u>উপজেলা পর্যায়ে: উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন</u>

URT সদস্যগণ ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা সমূহ সমন্বিত করে উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা তৈরী করবেন। প্রস্তুতকৃত প্লান UECC-র অনুমোদন পূর্বক এপ্রিল ২০১৭ -এর মধ্যে প্রকল্প বাস্তবায়ন ইউনিট: প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা সমূহ ফরম-৩ অনুযায়ী সমন্বিত করতে হবে। উপজেলা সম্প্রসারণ পরিকল্পনায় উপজেলার প্রাণিসম্পদের পরিসংখ্যান, উৎপাদন পরিস্থিতি, সমস্যা ইত্যাদি সম্পর্কে তথ্যাদি সন্নিবেশ করতে হবে।

ফরম-১ঃ

সিআইজি মাইক্রো পরিকল্পনা প্রণয়ন

(CIG Microplan Preparation) ঃ

সিআইজির নামঃ গ্রামঃ ইউনিয়নের নামঃ বৎসর ঃ

চিহ্নিত সমস্যা (গুরুত্ব অনুসারে)	প্রস্তাবিত সম্প্রসারণ কার্যক্রমের শিরোনাম/ বিবরন	সম্প্রসারণ কার্যক্রমের সংখ্যা	কর্মকান্ডের একক খরচ (টাকা)	বাস্তবায়নের জন্য সম্ভাব্য খরচ (টাকা)			বাস্তবায়ন কাল	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ মন্তব্য
				মোট খরচ	সিআইজি কর্তৃক প্রদত্ত	প্রকল্প কর্তৃক প্রদত্ত		
১। রাণীক্ষেত রোগের প্রাদুর্ভাব (উদাহরন) ২।	প্রযুক্তি প্রদর্শনী ঃ শিরোনাম লিখতে হবে ক) উন্নত ব্যবস্থাপনায় গাভী পালন খ) আধুনিক পদ্ধতিতে উন্নত জাতের ঘাস চাষ							
৩। ৪।	প্রশিক্ষণ ঃ শিরোনাম লিখতে হবে ক) .... খ)							
	গ) অন্যান্য ঃ							

সিআইজি সভাপতির নাম ও স্বাক্ষর সিআইজি সেক্রেটারীর নাম ও স্বাক্ষর সংশ্লিষ্ট ডিএলএস ষ্টাফ/সীল-র নামসহ প্রতিস্বাক্ষর

ফরম -২ঃ

সিআইজি মাইক্রো পরিকল্পনা সমন্বয় পূর্বক ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন

(Consolidation of CIG Microplans into Union Extension Plan)ঃ

ইউনিয়নের নামঃ উপজেলার নামঃ বৎসর ঃ

চিহ্নিত সমস্যা (গুরুত্ব অনুসারে)	প্রস্তাবিত সম্প্রসারণ কার্যক্রমের শিরোনাম/ বিবরন	সম্প্রসারণ কার্যক্রমের সংখ্যা	কর্মকান্ডের একক খরচ (টাকা)	বাস্তবায়নের জন্য সম্ভাব্য খরচ (টাকা)			বাস্তবায়ন কাল	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ মন্তব্য
				মোট খরচ	সিআইজি কর্তৃক প্রদত্ত	প্রকল্প কর্তৃক প্রদত্ত		
১। রাণীক্ষেত রোগের প্রাদুর্ভাব (উদাহরন) ২।	প্রদর্শনী ঃ শিরোনাম লিখতে হবে ক) .... খ)							
৩। ৪।	প্রশিক্ষণ ঃ শিরোনাম লিখতে হবে ক) .... খ)							
	গ) অন্যান্য ঃ							

- সিআইজি মাইক্রো-সম্প্রসারণ পরিকল্পনা FIAC সংরক্ষন করতে হবে।
- ইউইএফটি সিআইজি মাইক্রো-সম্প্রসারণ পরিকল্পনার ভিত্তিতে ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন করে তাহা রেজুলেশনের মাধ্যমে URTএর- নিকট জমা দিবেন।

ইউইএফটি সভাপতির নাম,পদবী ও স্বাক্ষর

ইউইএফটি সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর

১।

২।

৩।

ফরম-৩ঃ

ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা সমন্বয় পূর্বক উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন

(Consolidation of Union Extension Plans into Upazila Extension Plan)ঃ

উপজেলার নামঃ বৎসর ঃ

চিহ্নিত সমস্যা (গুরুত্ব অনুসারে)	প্রস্তাবিত সম্প্রসারণ কার্যক্রমের শিরোনাম/ বিবরন	সম্প্রসারণ কার্যক্রমের সংখ্যা	কর্মকান্ডের একক খরচ (টাকা)	বাস্তবায়নের জন্য সম্ভাব্য খরচ (টাকা)			বাস্তবায়ন কাল	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ মন্তব্য
				মোট খরচ	সিআইজি কর্তৃক প্রদত্ত	প্রকল্প কর্তৃক প্রদত্ত		
১। রাণীক্ষেত রোগের প্রাদুর্ভাব (উদাহরন) ২।	প্রদর্শনী ঃ শিরোনাম লিখতে হবে ক) .... খ)							
৩। ৪।	প্রশিক্ষণ ঃ শিরোনাম লিখতে হবে ক) .... খ)							
	গ) অন্যান্য ঃ							

- URT উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন করে UECC নিকট জমা দিবেন)

URT সভাপতির নাম, পদবী ও স্বাক্ষর

URT অন্যান্য সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর

১।
২।
৩।

UECC উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা অনুমোদন করবেন (প্রয়োজনে পরিবর্তন সাপেক্ষ) এবং অর্থ বরাদ্দের জন্য সংশ্লিষ্ট ইউএলও পরিচালক, এনএটিপি-ডিএলএস'র নিকট প্রেরণ করবেন।
ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা সমূহ উপজেলা সম্প্রসারণ পরিকল্পনার সাথে সংযোজন করতে হবে।